



পূবালী ব্যাংক লিমিটেড

সংস্থাপন বিভাগ

২৬ দিলকুশা বাণিজ্যিক এলাকা

প্রধান কার্যালয়, ঢাকা।

পুরাতন গাড়ী বিক্রির নিলাম বিজ্ঞপ্তি

ব্যাংকের নিম্নবর্ণিত পুরাতন গাড়ীসমূহ "যেখানে যে অবস্থায় আছে" ভিত্তিতে নিম্নে উল্লিখিত শর্তাধীনে বিক্রির উদ্দেশ্যে আগ্রহী ক্রেতাদের নিকট হইতে আগামী ২৭.০৮.২০১৭ তারিখ সকাল ১১.০০ ঘটিকার মধ্যে বা তার পূর্বে ২৬, দিলকুশা, বা/এ, ঢাকায় অবস্থিত অত্র ব্যাংকের প্রধান কার্যালয়ে সংস্থাপন বিভাগে (১৩তম তলায়) রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিলের জন্য সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে এবং দরপত্র ২৭.০৮.২০১৭ তারিখে সকাল ১১.৩০ ঘটিকায় দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে। আগ্রহী ক্রেতাগণ গাড়ীর পার্শ্বে উল্লিখিত স্থানে অফিস চলাকালীন সময়ে গাড়ীগুলি পরিদর্শন করিতে পারিবেন।

ক্রমিক নং	রেজিস্ট্রেশন নম্বর	গাড়ীর বিবরণ	তৈরীর সাল	সিসি	পরিদর্শনের স্থান
১	ঢাকা-মেট্রো-চ-৫৩-০৭৮৯	নিসান আরভান মাইক্রোবাস (JN1TA4E25Z0)	২০০৮	২৫০০	পূবালী ব্যাংক অফিসার্স কোয়ার্টার, মগবাজার, ঢাকা
২	ঢাকা-মেট্রো-চ-৫৪-১১২১	টয়োটা মাইক্রোবাস (KR42)	২০০০	১৮০০	পূবালী ব্যাংক লিঃপ্রধান কার্যালয়, ঢাকা।
৩	ঢাকা-মেট্রো-খ-১২-৫৬৭০	নিসান সানি কার (JN1CEAN16Z0)	২০০৮	১৩০০	পূবালী ব্যাংক অফিসার্স কোয়ার্টার, মগবাজার, ঢাকা
৪	ঢাকা-মেট্রো-খ-১২-৫৭৫০	নিসান সানি কার (JN1CEAN16Z0)	২০০৮	১৩০০	পূবালী ব্যাংক অফিসার্স কোয়ার্টার, মগবাজার, ঢাকা
৫	ঢাকা-মেট্রো-খ-১২-২৮২২	নিসান সানি কার (JN1CEAN16Z0)	২০০৬	১৩০০	পূবালী ব্যাংক অফিসার্স কোয়ার্টার, মগবাজার, ঢাকা

১। দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত উদ্ধৃত মূল্যের ৫% আর্নেস্টম্যানি অত্র ব্যাংকের প্রধান কার্যালয়ের অনুকূলে পূবালী ব্যাংকের যে কোন শাখা হইতে পে-অর্ডার আকারে দাখিল করিতে হইবে। অন্যথায় দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে। পৃথক গাড়ীর জন্য পৃথক পে-অর্ডার দাখিল করিতে হইবে।

২। প্রত্যেক গাড়ীর জন্য পৃথকভাবে মূল্য উল্লেখ করে পৃথক দরপত্র দাখিল করিতে হইবে এবং দরপত্র গৃহীত হইলে অনুরূপভাবে ডেলিভারী নিতে হইবে। যে কোন একটি/একাধিক গাড়ীর জন্য দরপত্র দাখিল করা যাইবে। প্রতিটি গাড়ীর সর্বোচ্চ মূল্য বিবেচিত হইবে।

৩। সরকারী প্রচলিত বিধি মোতাবেক ভ্যাট এবং উৎস কর দরদাতা প্রদান/বহন করিবেন।

৪। অকৃতকার্য দরদাতাগণের আর্নেস্টম্যানি যথাযথ সময়ে ফেরত দেয়া হইবে।

৫। দরপত্র রেজিস্টার্ড ডাকে পাঠানো যাইতে পারে অথবা তাহা অত্র ব্যাংকের প্রধান কার্যালয়ে সংস্থাপন বিভাগে রক্ষিত টেন্ডার বাক্সে দেওয়া যাইতে পারে, কিন্তু উভয় ক্ষেত্রে তাহা নির্দিষ্ট সময়ের মধ্যে পৌছাইতে হইবে।

৬। কৃতকার্য দরদাতাগণ গাড়ী ডেলিভারী নেওয়ার স্বীকৃতপত্র পাওয়ার ৭ (সাত) দিনের মধ্যে বাকী টাকা পরিশোধ করিয়া গাড়ী ডেলিভারী নিতে ব্যর্থ হইলে আর্নেস্টম্যানি বাজেয়াপ্ত হইবে।

৭। দরপত্রে খামের উপরে "ব্যবহৃত গাড়ী ক্রয়ের জন্য দরপত্র এবং গাড়ীর রেজিস্ট্রেশন নম্বর" বড় হরফে লেখা থাকিতে হইবে।

৮। দরপত্র আগামী ২৭.০৮.২০১৭ তারিখ সকাল ১১.০০ ঘটিকার মধ্যে বা তার পূর্বে ২৬, দিলকুশা, বা/এ, ঢাকায় অবস্থিত অত্র ব্যাংকের প্রধান কার্যালয়ে সংস্থাপন বিভাগে (১৩ তম তলায়) রক্ষিত টেন্ডার বাক্সে সীলমোহরকৃত দরপত্র দাখিল করিতে/পৌছাইতে হইবে এবং ২৭.০৮.২০১৭ তারিখে সকাল ১১.৩০ ঘটিকায় দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র অথবা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(সৈয়দ আব্দুল মজিদ)

মহাব্যবস্থাপক